চিকিৎসা শিক্ষাপ্রতিষ্ঠান

# মৌলিক বিষয়ের শিক্ষকরা মূল বেতনের ৭০% ভাতা পাবেন

*স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ফাইল ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৫ নভেম্বর ২০২৫ | ০২:১৬

- অ +

চিকিৎসা শিক্ষায় বেসিক সাবজেক্টে (মৌলিক বিষয়) শিক্ষক সংকট দূর করতে শিক্ষকদের জন্য বড় ধরনের প্রণোদনার ঘোষণা দিয়েছে সরকার। ওইসব বিষয়ের শিক্ষকদের মূল বেতনের ৭০ শতাংশ হারে মাসিক প্রণোদনা ভাতা দেওয়ার সিদ্ধান্তের প্রজ্ঞাপন জারি করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গতকাল মঙ্গলবার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এবং ১৯টি বিশেষায়িত প্রতিষ্ঠানে বেসিক সাবজেক্টে পাঠদানরত শিক্ষকদের জন্য শর্তসাপেক্ষে মূল বেতনের ৭০ শতাংশ হারে মাসিক প্রণোদনা ভাতা দেওয়া হবে।

এই প্রণোদনা নন-প্র্যাকটিসিং ভাতা হিসেবে বিবেচিত হবে। বেসিক সাবজেক্টগুলো হলো–অ্যানাটমি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, ফার্মাকোলজি, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন, প্যাথলজি, মাইক্রোবায়োলজি, ভাইরোলজি ও অ্যানেস্থেশিওলজি।

**শর্তসাপেক্ষ ভাতা**

প্রণোদনা পেতে সরকারি মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, সরকারি চিকিৎসা প্রতিষ্ঠান ও বিশেষায়িত প্রতিষ্ঠানে কর্মরত স্নাতকোত্তর ডিগ্রিধারী বেসিক সাবজেক্টের শিক্ষকদের কাছ থেকে 'নন-প্র্যাকটিসিং ডিক্লারেশন' নিতে হবে। যেসব শিক্ষক এই ঘোষণা দিতে ব্যর্থ হবেন বা প্র্যাকটিসের সঙ্গে যুক্ত থাকার প্রমাণ পাওয়া যাবে, তারা এই ভাতা পাবেন না।

চলতি ২০২৫-২৬ অর্থবছর থেকে এই আর্থিক সুবিধা কার্যকর হবে। প্রণোদনা ভাতা প্রদানের ক্ষেত্রে সরকার ঘোষিত নবম জাতীয় বেতন স্কেল অনুযায়ী এই হারের কোনো পরিবর্তন আনা হবে না। ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণ করতে হবে। ভবিষ্যতে ভাতাসংক্রান্ত কোনো অনিয়ম ধরা পড়লে, বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে। সরকারের এ সিদ্ধান্তে চিকিৎসা শিক্ষায় দীর্ঘদিনের শিক্ষক সংকট নিরসনে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।